সকল বোর্ড-২০১৬

সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১.▶ ফাতেমা ঢাকা বিশ্ববিদ্যালয়ে সামাজিক বিজ্ঞানের এমন একটি বিষয় নিয়ে অধ্যয়ন করছে যে বিষয়টি বৈজ্ঞানিক জ্ঞান, ব্যবহারিক দক্ষতা ও সুনির্দিষ্ট মূল্যবোধ ভিত্তিক এমন একটি পেশা যা কতগুলো পদ্ধতির মাধ্যমে সামাজিক সমস্যার বিজ্ঞানসম্মত সমাধান দিতে সক্ষম।

ক. পদ্ধতি কী? ১

খ. পেশা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ফাতেমা সামাজিক বিজ্ঞানের কোন বিষয়ে অধ্যয়ন করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ফাতেমার অধ্যয়নকৃত বিষয়টির জ্ঞান সামাজিক সমস্যা সমাধানে কীভাবে ভূমিকা রাখতে পারে? বিশ্লেষণ করো। ৪

২.▶ ১৭৬০ সাল হতে ১৮৫০ সালের মধ্যে প্রথমে ইংল্যান্ডে পরবর্তীতে ইউরোপ ও পৃথিবীর অন্যান্য দেশে উৎপাদন, প্রযুক্তি, যাতায়াত ও যোগাযোগ ক্ষেত্রে আমূল পরিবর্তন সূচিত হয়। এ পরিবর্তনের ফলে নাগরিক সুযোগ-সুবিধা বৃদ্ধি পেলেও মানবজীবনে নতুন নতুন জটিল সমস্যার সৃষ্টি হয়। আর এ সমস্যা মোকাবিলায় বিজ্ঞানসম্মত উপায় হিসেবে একটি সুনির্দিষ্ট পদ্ধতির উদ্ভব হয়।

ক. COS এর পূর্ণরূপ কী? ১

খ. বিভারিজ রিপোর্ট কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত আমূল পরিবর্তনকে কী নামে আখ্যায়িত করা হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত পরিবর্তনের প্রভাবে কীভাবে সমাজকর্মের উদ্ভব হয়? বিশ্লেষণ করো। ৪

৩.▶

চিত্র-'ক'

চিত্র-'খ'

http://teachingbd.com

ক. সমাজকর্ম মূল্যবোধ কী? ১
খ. আত্মনিয়ন্ত্রণ অধিকার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে 'খ' এর জীবিকা অর্জনের মাধ্যমকে কী বলে? 'ক' এর সাথে 'খ' এর সম্পর্ক লেখো। ৩
ঘ. বাংলাদেশে সমাজকর্মের উন্নয়নে উদ্দীপক 'খ' এর জীবিকা অর্জনের কী কী বৈশিষ্ট্য থাকা প্রয়োজন বলে তুমি মনে কর? ৪

৪. ▶ মার্টিন গ্রামের রহিমার ২২ বছর বয়সে স্বামী মারা যায়। সামাজিক কুসংস্কার ও নানাবিধ প্রতিবন্ধকতার কারণে তার পুনরায় বিবাহ হচ্ছিল না। রহিমার বয়স যখন ৩০ বছর তখন গ্রামের আব্দুর রব মাস্টার নামে এক শিক্ষিত ও ধনাঢ্য ব্যক্তি তার ৩০ বছরের ছেলে গিয়াসকে বিধবা রহিমাকে বিবাহ করান। এতে বাবা ছেলে ও রহিমা খুশি থাকলেও তাদেরকে সামাজিকভাবে অনেক নিন্দুকের কথা শুনতে হয়।

ক. বায়তুল মাল কী? ১
খ. সমাজকল্যাণ ও সমাজকর্মের পার্থক্য লেখো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত আব্দুর রব মাস্টারের ছেলেকে বিবাহ করানোর ঘটনার সাথে কোন সমাজ সংস্কারকের কর্মকাণ্ডের মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের নিরক্ষরতা ও বাল্যবিবাহ প্রথা দূরীকরণে উদ্দীপকের ঘটনার সাথে সম্পর্কিত সমাজ সংস্কারকের ভূমিকা কীভাবে প্রয়োগ করা যায়? আলোচনা করো। ৪

৫. ▶

ক. সামাজিক বিজ্ঞানের ইংরেজি প্রতিশব্দ কী? ১

http://teachingbd.com

খ. সুশাসন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপক কাঠামো সমাজকর্মের পেশাগত জ্ঞানের কোন ধরনের প্রয়োগকে ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'বহুমুখী ও বিচিত্র ধরনের সমস্যার কার্যকর সমাধান উদ্দীপক কাঠামোর জ্ঞান প্রয়োগের মাধ্যমে সম্ভব'— বিশ্লেষণ করো। ৪

৬. ▶ মুন্নার বয়স ১৪ বছর। সে সমবয়সীদের সাথে ক্লাসে পড়াশোনা চালিয়ে যেতে অক্ষম হওয়ায় এবং বাড়িতে অস্বাভাবিক আচরণ করায় তাকে তার বাবা একজন মানসিক ডাক্তার দেখান। ডাক্তার বলেছেন মুন্নার বয়সের তুলনায় বুদ্ধি কম। তাই তাকে বিশেষ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার ব্যবস্থা করতে হবে এবং চিকিৎসা করাতে হবে। মুন্নার বাবা মুন্নাকে একটি বিশেষ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি করান। সেখানে একজন সমাজকর্মী মুন্নাকে স্বাভাবিক আচরণ করতে ও পড়াশোনা করতে সাহায্য করেন।

ক. Anthrops শব্দের অর্থ কী? ১
খ. সামাজিক বিজ্ঞান ধারণাটি বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকে মুন্নাকে স্বাভাবিক আচরণ করতে সাহায্য করার ক্ষেত্রে সমাজকর্মীকে কোন সামাজিক বিজ্ঞানের জ্ঞান সহায়তা দিতে পারে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে মুন্নার মতো দেশের অন্যান্য মানসিক প্রতিবন্ধীদের সমস্যা সমাধানে কোন সামাজিক বিজ্ঞানের জ্ঞান কীভাবে প্রয়োগ করা যায়? বুঝিয়ে লেখো। ৪

৭. ▶ লক্ষ্মীপুর গ্রামের বেশিরভাগ জনগণ অসচেতন, অসংগঠিত ও দরিদ্র। গ্রামের একজন উচ্চশিক্ষিত যুবক আসির গ্রামের কয়েকজন যুবককে একত্রিত করে একটি সমবায় সমিতি গঠন করেন এবং সদস্যদের চাঁদা, অনুদান সরকারি আর্থিক ও কারিগরি সাহায্য নিয়ে সমবায় পদ্ধতিতে চাষাবাদ, হাঁস, মুরগি পালন, সেলাই প্রশিক্ষণ, শিক্ষা কার্যক্রম প্রভৃতি কর্মসূচি চালু করেন এবং গ্রামীণ জনগোষ্ঠীকে সংগঠিত ও স্বাবলম্বী করতে প্রচেষ্টা চালান।

ক. দল সমাজকর্মের উপাদান কয়টি? ১
খ. সমষ্টি সংগঠন কী? ২
গ. উদ্দীপকে আসির কোন সমাজকর্মী পদ্ধতির জ্ঞান প্রয়োগ করে, লক্ষ্মীপুর গ্রামের উন্নয়নের প্রচেষ্টা চালাচ্ছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের গ্রামীণ জনগোষ্ঠীর সার্বিক উন্নয়নে আসিরের অনুসৃত পদ্ধতি কীভাবে প্রয়োগ করা যায়? আলোচনা করো। ৪

৮. ▶ ১৬ বছরের মেয়ে টুপুর নাচ-গান করতে গিয়ে সঙ্গদোষে মাদকাসক্ত হয়ে পড়েন। ১৯ বছর বয়সে বিয়ে দেওয়ার পরও সে মাদক ছাড়েনি। মাদকদ্রব্য ক্রয়ের জন্য মা-বাবাকে ও তার স্বামীকে নির্যাতন করে। তার মা-বাবা ও স্বামী তাকে একটি

http://teachingbd.com

পেশাদার মাদক নিরাময় কেন্দ্রে ভর্তি করিয়ে দেয়। সেখানে একজন সমাজকর্মীর তত্ত্বাবধান ও কাউন্সিলিং থেকে টুপুর চিকিৎসা নিচ্ছে। সমাজকর্মী টুপুরকে সমাজকর্মের পদ্ধতি ও কৌশল প্রয়োগের মাধ্যমে সহায়তা করছেন।

ক. সমাজকর্মের মৌলিক পদ্ধতি কয়টি? ১

খ. সমাজকর্ম পদ্ধতি বলতে কী বোঝ? ২

গ. টুপুরের সমস্যা সমাধানে সমাজকর্মী সমাজকর্মের কোন মৌলিক পদ্ধতির জ্ঞান প্রয়োগ করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে সমাজকর্মী কোন মৌলিক পদ্ধতিটি কী প্রক্রিয়া অবলম্বন করে টুপুরের সমস্যার সমাধান দিতে পারে? বিশ্লেষণ করো। ৪

৯. ▶

'ক' রাষ্ট্র	'খ' রাষ্ট্র
১. ১৯৩৬ সালে ক্লিফোর্ডের সহায়তায় সমাজকর্ম শুরু।	১. ১৯২০ সালে সমাজকর্ম বিকাশ শুরু হয়।
২. বর্তমানে অর্ধশত বিশ্ববিদ্যালয়ে সমাজকর্ম শিক্ষা চালু রয়েছে।	২. বর্তমানে সমাজকর্মের একটি স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় চালু রয়েছে।
৩. ঊনবিংশ শতাব্দীর মাঝামাঝি সময় থেকে গ্রামীণ সমাজকর্মের বিকাশ হয়েছে।	৩. দ্বিতীয় বিশ্বযুদ্ধের ক্ষয়ক্ষতির প্রেক্ষাপটে সমাজকর্ম শিক্ষার প্রয়োজনীয়তা তীব্রতর হয়।
৪. মূলত স্নাতকোত্তর পর্যায়ে পেশাগত শিক্ষার পাঠ্যক্রম প্রণয়নে আমেরিকার প্রভাব পরিলক্ষিত হয়।	৪. আমেরিকার পাশাপাশি বৌদ্ধধর্ম ও কনফুসিয়ানিজম দর্শনের প্রভাবে, সমস্যা সমাধান, জীবন মান বৃদ্ধির জন্য পাঠ্যক্রম প্রণয়ন করা হয়।
৫. বৃহত্তর উন্নয়ন ইস্যুতে সমাজকর্ম পেশাকে এখনো তুলনামূলক কম গুরুত্ব প্রদান করা হয়।	৫. সমাজকর্ম পেশাকে গুরুত্ব দেওয়া হয় এবং নতুন সমাজকর্মীগণ সরকার কর্তৃক পেশাগত সার্টিফিকেট লাভ করেন।

Teachingbd.com

ক. সমাজকর্ম শিক্ষা কী? ১

খ. পেশাগত সংগঠন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে টেবিলের 'ক' দ্বারা কোন দেশের সমাজকর্ম পেশাকে ইঙ্গিত করা হয়েছে? মতামত দাও। ৩

ঘ. উদ্দীপক টেবিলের 'খ' দেশের সমাজকর্ম বিকাশের সাথে 'ক' দেশের সমাজকর্ম বিকাশের তুলনামূলক আলোচনা করো। ৪

http://teachingbd.com

বহুনির্বাচনি অভীক্ষা

সমাজকর্ম প্রথম পত্র

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বিষয় কোড: ২ ৭ ১

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ইংল্যান্ডে প্রথম দরিদ্র আইন প্রণীত হয় কত সালে?
ক ১৩৪৯　খ ১৫৩১　গ ১৬০১　ঘ ১৮৩৪

২. সতীদাহ প্রথা উচ্ছেদ আইন কত সালে প্রণীত হয়?
ক ১৮২৮　খ ১৮২৯　গ ১৮৫০　ঘ ১৮৫৫

৩. NASW কত সালে গঠিত হয়?
ক ১৮৬৯　খ ১৮৭৩　গ ১৯৪২　ঘ ১৯৫৫

৪. সমাজকর্মের বৈশিষ্ট্য হলো—
i. মুনাফা অর্জনের জন্য পরিচালিত কার্যক্রম
ii. সংযোগকারী হিসেবে নিজস্ব সম্পদ কাজে লাগানোর প্রক্রিয়া
iii. এটি একটি সাহায্যকারী সেবামূলক কার্যক্রম
নিচের কোনটি সঠিক?
ক i　খ i ও ii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৫. কোন ভাষা থেকে পেশা শব্দটিকে বাংলা ভাষায় নেওয়া হয়েছে?
ক ফারসি　খ ল্যাটিন　গ গ্রিক　ঘ ইংরেজি

উদ্দীপকটি পড়ে ৬ নং প্রশ্নের উত্তর দাও:
ময়মনসিংহ শহরের অদূরে ব্রহ্মপুত্র নদীর তীরে শিল্পাচার্য জয়নুল আবেদীন লোকশিল্প যাদুঘর গড়ে তোলেন। এ যাদুঘরে রাজ-রাজন্য, যুদ্ধ বিগ্রহের নিদর্শনের পরিবর্তে গুরুত্ব দেওয়া হয়েছে আবহমান বাংলার সাধারণ মানুষের ব্যবহার্য এবং সুস্থ নিদর্শনের ওপর।

৬. উদ্দীপকে যে দিকটির প্রতি জয়নুল আবেদীন গুরুত্ব দিয়েছেন তা সামাজিক বিজ্ঞানের কোন শাখার সাথে অধিকতর সম্পর্কিত?
ক পৌরনীতি ও সুশাসন　খ নৃ-বিজ্ঞান
গ সমাজবিজ্ঞান　ঘ মনোবিজ্ঞান

উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:
আধুনিক প্রযুক্তির উন্নয়নের ফলে জীবনে যেমন যান্ত্রিকতার উৎকর্ষতার সৃষ্টি হয়েছে তেমনি সমাজে সৃষ্টি হয়েছে পারিবারিক ভাঙন, কিশোর অপরাধসহ বহুমাত্রিক সমস্যার।

৭. উদ্দীপকে উল্লিখিত পরিস্থিতি মোকাবেলার জন্য কোন শিক্ষার প্রয়োজন?
ক সমাজকর্ম　খ আইন
গ সাংবাদিকতা　ঘ পৌরনীতি ও সুশাসন

৮. সেবাদানকারী প্রতিষ্ঠান ও কর্মীরা—
i. জনগণকে সচেতন করবে
ii. সামঞ্জস্যবিধানে সক্ষম করে তুলবে
iii. বহুমাত্রিক ও জটিল সমস্যা চিহ্নিত করে সমাধান করবে
নিচের কোনটি সঠিক?
ক i　খ ii　গ iii　ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:
পার্শ্ববর্তী বৃহৎ দেশ ভারতে ১৯২০ সালে Social Service League in Bombay নামক সংগঠন প্রথম সমাজকর্মের ওপর স্বল্পমেয়াদি প্রশিক্ষণ কোর্স শুরু করেছিল। এখন সোস্যাল ওয়ার্ক স্কুলের সংখ্যা প্রায় ১৩৬টি। ভারতে এত আগে সমাজর্ম শিক্ষার প্রসার ঘটলেও শিক্ষার পাঠ্যক্রম গড়ে ওঠে নাই। পেশাগত কোনো সংগঠনও গড়ে ওঠে নাই। ভারতে এটি এখন পর্যন্ত পেশা হিসেবেও স্বীকৃতি পায় নাই।

৯. উদ্দীপকে উল্লিখিত ভারতে সমাজকর্ম পেশার অবস্থার সাথে নিচের কোন দেশের পেশার অবস্থার মিল রয়েছে?
ক বাংলাদেশ　খ দক্ষিণ কোরিয়া
গ জাপান　ঘ অস্ট্রেলিয়া

১০. উদ্দীপকে উল্লিখিত দেশে সমাজকর্মকে পেশা হিসেবে স্বীকৃতি পাওয়ার জন্যে প্রয়োজন—
i. প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি রাষ্ট্রীয় দৃষ্টিভঙ্গির পরিবর্তন আনা
ii. নিবন্ধন ও রাষ্ট্রীয় স্বীকৃতি
iii. পেশার জন্যে রাষ্ট্রীয় উদ্যোগ নয়, ব্যক্তির ইচ্ছা ও উদ্যোগ
নিচের কোনটি সঠিক?
ক i　খ i ও ii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১১. ব্যক্তি সমাজকর্মের উপাদান কয়টি?
ক ২　খ ৩　গ ৪　ঘ ৫

১২. ১৯৫৪ সালে জাতিসংঘ এবং রেডক্রসের সহায়তায় বাংলাদেশে কোন মেডিকেল কলেজে চিকিৎসা সমাজকর্ম পরীক্ষামূলকভাবে চালু করা হয়?
ক ঢাকা মেডিকেল কলেজ
খ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ
গ মিটফোর্ড মেডিকেল কলেজ
ঘ চট্টগ্রাম মেডিকেল কলেজ

১৩. মূল্যবোধ কয় প্রকার?
ক ২　খ ৩　গ ৪　ঘ ৫

১৪. সাহায্যার্থীর সুপ্ত ক্ষমতার বিকাশ সাধনে সহায়তা করে—
ক আত্মনিয়ন্ত্রণ অধিকার　খ আত্মসচেতনতা
গ ব্যক্তিস্বাতন্ত্রীকরণ　ঘ সামাজিক ন্যায়বিচার

১৫. নৃবিজ্ঞানের আলোচ্য বিষয় কোনটি?
ক মানবীয় আচরণ
খ মানুষের অধিকার ও কর্তব্য
গ মানুষের অর্থসংক্রান্ত দৈনন্দিন কার্যাবলি
ঘ জীবসত্তা ও সামাজিক সত্তা



১৬. ছকের '?' স্থানটিতে কোনটি বসবে?
ক শিক্ষকতা পেশার মূল্যবোধ
খ সমাজকর্ম পেশার মূল্যবোধ
গ ওকালতি পেশার মূল্যবোধ
ঘ ডাক্তারি পেশার মূল্যবোধ

উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:
বর্তমান সরকার পরিবার পরিকল্পনা, মা ও শিশুর স্বাস্থ্য পরিচর্যাসহ প্রজনন স্বাস্থ্যের উন্নয়ন ও অন্তর্বর্তীকালীন দারিদ্র্য বিমোচন কৌশলপত্রের আলোকে মানুষ ও উন্নয়নের মধ্যে প্রত্যাশিত সমতা নিশ্চিতকরণের মাধ্যমে জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে ২০০৪ সালে একটি নীতি প্রণয়ন করে। যার ফলে মা ও শিশুদের অপুষ্টি হ্রাস ও ১-৫ বছরের কম বয়সী মৃত্যুহার কমানো সম্ভব হয়েছে।

১৭. উদ্দীপকে উল্লিখিত পরিস্থিতি উন্নয়নে সরকার কোন নীতি প্রণয়ন করেন?
ক জাতীয় জনসংখ্যা নীতি
খ জাতীয় নারী উন্নয়ন নীতি
গ জাতীয় শিক্ষা নীতি　ঘ জাতীয় শিশু নীতি

১৮. উদ্দীপকে উল্লিখিত ক্ষেত্রে সফলতা লাভের জন্য সরকারের গৃহীত কর্মকৌশল—
i. মহিলা ও শিশুদের টিকাদান কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করা
ii. সকল সেবা কেন্দ্রে প্রয়োজনীয় ঔষধ ও যন্ত্রপাতি সরবরাহ নিশ্চিত করা
iii. প্রশিক্ষিত দক্ষ সেবাদানকারী কর্মীরা সক্ষম দরিদ্র জনগোষ্ঠীর বাড়ি গিয়ে সেবাদান অব্যাহত রাখা
নিচের কোনটি সঠিক?
ক i　খ i ও ii　গ ii ও iii　ঘ i, ii ও iii

http://teachingbd.com

উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:
নারী নির্যাতন রোধ, বাল্যবিবাহ দূর ও প্রচলিত আইনের সংশোধনের জন্য সচেতন ব্যক্তিবর্গ ভুক্তভোগী ব্যক্তিদের জন্য জনমত গড়েছেন, আন্দোলন করেছেন। সরকারকে বাধ্য করেছেন আইন প্রণয়ন করতে। এই সমস্ত প্রণীত আইনের ফলে বঞ্চিত শ্রেণি সুযোগ-সুবিধা পাচ্ছে।

১৯. উদ্দীপকে ভুক্তভোগী শ্রেণির জন্য প্রণীত আইনের সংশোধনকে বলে—
ক সামাজিক আন্দোলন খ সামাজিক উন্নয়ন
গ সমাজ সংস্কার ঘ সামাজিক আইন

২০. প্রণীত আইনের ফলে—
i. বঞ্চিত শ্রেণি অধিকার ও মর্যাদা পাবে
ii. তাদের বিরুদ্ধে অন্যায় ও অবিচার দূর হবে
iii. তারা মর্যাদা পেলে অন্য শ্রেণির অধিকার ক্ষুণ্ন হবে
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii

২১. বাংলাদেশে ১৯৫২ সালে জাতিসংঘ কর্তৃক প্রেরিত বিশেষজ্ঞ দলের প্রধান কে ছিলেন?
ক Jae Yop Kim খ Yoonsun Chai
গ Dr. James Dumpson ঘ Dr. J. Morre

২২. যাকাত বিতরনের খাত কয়টি?
ক ২ খ ৩ গ ৫ ঘ ৬
(বি.দ্র. সঠিক উত্তর হবে ৮টি, যা অপশনে নেই)

২৩. জাতীয় শিশু নীতি কত সালে প্রণীত হয়?
ক ২০০৪ খ ২০০৭ গ ২০১০ ঘ ২০১১

২৪. ভিশন-২০২১ একটি—
ক প্রেক্ষিত পরিকল্পনা খ ঘূর্ণায়মান পরিকল্পনা
গ স্বল্পমেয়াদি পরিকল্পনা ঘ দীর্ঘমেয়াদি পরিকল্পনা

২৫. সরাইখানা কাদের জন্য প্রতিষ্ঠিত হয়েছিল?
ক যুদ্ধে ক্ষতিগ্রস্তদের জন্য
খ বিপদগ্রস্ত পথিকদের জন্য
গ এতিমদের জন্য ঘ দরিদ্রদের জন্য

২৬. মাধবপুর গ্রামের অধিকাংশ লোক দারিদ্র্য, নিরক্ষরতা, বেকারত্বসহ অন্যান্য আর্থ-সামাজিক সমস্যায় জর্জরিত। মাধবপুরে সমাজকর্মের কোন পদ্ধতি বেশি কার্যকর হবে?
ক ব্যক্তি সমাজকর্ম খ দল সমাজকর্ম
গ সমষ্টি উন্নয়ন ঘ সমষ্টি সংগঠন

উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:
সকালবেলা প্রাতঃভ্রমণে বেরিয়ে ঐশী দেখলো একজন মহিলা ঠেলাগাড়ি ঠেলে নিয়ে যাচ্ছে। ঠেলাগাড়িতে থালা নিয়ে বসে আছে একজন বৃদ্ধ পঙ্গু এবং তাদের সঙ্গে রয়েছে প্রায় আট বছরের একজন শিশু। সে পথচারীদের কাছ থেকে ভিক্ষা নিয়ে থালায় রাখছে। ঐশী ওদেরকে বলল, কাজ করতে পার না, ভিক্ষা করো কেন?

২৭. ঐশীর দেখা মানুষগুলোকে ইংল্যান্ডে প্রবর্তিত কোন আইন অনুযায়ী শ্রেণিবদ্ধ করা যায়?
ক ১৩৪৯ সালের শ্রমিক আইন
খ ১৫৩১ সালের অষ্টম হেনরি দরিদ্র আইন
গ ১৫৭৬ সালের সংশোধনাগার আইন
ঘ ১৬০১ সালের এলিজাবেথীয় দরিদ্র আইন

২৮. উদ্দীপকে উল্লিখিত শ্রেণির ভিক্ষাবৃত্তি রোধে গৃহীত পদক্ষেপ—
i. ভিক্ষা দেওয়া নিষিদ্ধ করে সংশোধনাগারে কাজ করতে বাধ্য করা
ii. অক্ষম দরিদ্রদের দরিদ্রাগারে তাদের সক্ষমতা অনুযায়ী কাজ করতে বাধ্য করা
iii. গৃহভৃত্য হিসেবে অথবা দত্তক হিসেবে মনিবের কাছে থাকতে বাধ্য করা
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. মূলত বায়তুল মাল বলতে বোঝায়—
ক রাষ্ট্রীয় কোষাগার খ পবিত্রকরণ ও বৃদ্ধি
গ সম্পদের ঘর
ঘ ইসলামি রাষ্ট্রের রাষ্ট্রীয় কোষাগার

৩০. 'পেশা হলো অন্যকে নির্দেশনা, পরিচালনা ও উপদেশ প্রদানের এমন এক জীবিকা যার জন্য বিশেষ জ্ঞানার্জন প্রয়োজন'— সংজ্ঞাটি কে প্রদান করেছেন?
ক সমাজকল্যাণ অভিধান খ এ.ই.বেন
গ সমাজকর্ম অভিধান ঘ উইলবার্ড ই. মোর

৩১. মনোবিজ্ঞানকে আচরণের বিজ্ঞান বলেছেন কে?
ক জে বি ওয়াটসন খ প্যাভলভ
গ জন এল ভোগেল ঘ স্কাইডার

৩২. সর্বপ্রথম কে সমাজসেবায় পেশাগত প্রশিক্ষণদানের প্রস্তাব উপস্থাপন করেন?
ক এনা এল ডয়েস খ ম্যারি রিচমন্ড
গ আরনল্ড টয়েনবি ঘ উইলিয়াম বিভারিজ

৩৩. ১৯০৫ সালের দরিদ্র আইন কমিশন নিম্নের কোনটির জন্য সুপারিশ করে?
ক সমন্বিত পর্যাপ্ত সামাজিক বিমা কর্মসূচি
খ মিশ্র দরিদ্রাগার বিলোপ
গ শিশুর জন্য সাপ্তাহিক শিশু ভাতা
ঘ বিনামূল্যে স্বাস্থ্য ও পুনর্বাসনমূলক কর্মসূচি

৩৪. ১৬০১ সালের এলিজাবেথীয় দরিদ্র আইন অনুযায়ী নির্ভরশীল বালক- বালিকাদের কোন ব্যবস্থায় পুনর্বাসন করা হতো?
ক Outdoor relief খ Alms house
গ Workshop ঘ Lowest bidder

উদ্দীপকটি পড়ে ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও:
রাইহান হাসপাতাল সমাজকর্মী হিসেবে মেডিকেল কলেজে কর্মরত। হাসপাতালে ভর্তিকৃত অরূপের মনস্তাত্ত্বিক জটিলতা দূর করার জন্যে তথ্য সংগ্রহের প্রয়োজনে তার সাথে বন্ধুর মত সম্পর্ক গড়ে তোলেন। রাইহান তার পেশাগত লক্ষ্য অর্জনে সক্ষম হন এবং অরূপের সমস্যা সমাধান করতে পারেন।

৩৫. উদ্দীপকে উল্লিখিত রাইহান ও অরূপের সম্পর্ককে বলে—
ক অনুধ্যান খ সমস্যা নির্ণয়
গ র‍্যাপো ঘ অনুসরণ

৩৬. রাইহান ও অরূপের সম্পর্কের ফলে—
i. পেশাদার ব্যক্তির সাথে সাহায্যার্থীর মধ্যকার দূরত্ব দূর হয়ে ব্যক্তিগত সম্পর্ক গড়ে উঠবে
ii. সমস্যা সমাধান প্রক্রিয়ায় সাহায্যার্থীকে আনা সহজ হবে
iii. সাহায্যার্থী আস্থাশীল হবে এবং সমস্যা সমাধান প্রক্রিয়ায় অংশগ্রহণ করবে
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৭. সমস্যা নির্ণয় বলতে বোঝায়—
ক ব্যক্তির সমস্যা চিহ্নিত করা
খ ব্যক্তির মনো-সামাজিক অনুধ্যান করা
গ সেবাগ্রহীতা সম্পর্কে তথ্য সংগ্রহ করা
ঘ তথ্য সংগ্রহের মাধ্যমে সমাধান করা

৩৮. সমাজকর্মকে কলা ও বিজ্ঞান হিসেবে অভিহিত করেছেন কে?
ক ওয়াল্টার এ ফ্রিডল্যান্ডার
খ হার্বার্ট বিসনো গ জি উইলসন
ঘ আর এ স্কিডমোর ও এম জি থ্যাকারি

৩৯. ওয়াকফ ও দেবোত্তরের মধ্যে অমিল কোনটি?
ক ওয়াকফ সনাতন সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠান, দেবোত্তর নয়
খ ওয়াকফে জনহিতকর কাজে সম্পত্তি ব্যয় করা যায়, দেবোত্তরে যায় না
গ ওয়াকফ দুই প্রকার, দেবোত্তর তিন প্রকার
ঘ দেবোত্তরে সৃষ্টিকর্তার সন্তুষ্টি লাভের জন্য জনহিতকর কাজে ব্যয় করা যায়, ওয়াকফে যায় না

৪০. আধুনিক শিল্পসমাজের ক্রমবিকাশের জটিলতার ফলে সৃষ্টি হয়েছে কোন সমাজকর্মের?
ক সনাতন সমাজকর্ম খ স্বেচ্ছাসেবী সমাজকর্ম
গ পেশাদার সমাজকর্ম ঘ বেসরকারি সমাজকর্ম

উত্তর

১	ঘ	২	খ	৩	ঘ	৪	গ	৫	ক	৬	ঘ	৭	ক	৮	ঘ	৯	ক	১০	ঘ	১১	ঘ	১২	ক	১৩	খ	১৪	ক	১৫	খ	১৬	খ	১৭	ক	১৮	ঘ	১৯	গ	২০	খ
২১	গ	২২		২৩	খ	২৪	ক	২৫	খ	২৬	গ	২৭	ঘ	২৮	ঘ	২৯	ক	৩০	খ	৩১	খ	৩২	ক	৩৩	ক	৩৪	গ	৩৫	গ	৩৬	গ	৩৭	খ	৩৮	ঘ	৩৯	গ	৪০	গ

http://teachingbd.com